



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.১৯. ৪৭৫৩

তারিখঃ ০৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

“ পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” বিজ্ঞপ্তি মুদ্রণের দরপত্র (RFQ) আহবান ”

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক ‘পল্লী বিদ্যুতের উঠান বৈঠক’ বিজ্ঞপ্তি সরবরাহের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী / সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র / RFQ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	২৬/২০১৯-২০	পল্লী বিদ্যুতের উঠান বৈঠক সংক্রান্ত বিজ্ঞপ্তি সাইজ- ৫.৫' x ৮.৭৫' উন্নতমানের নিউজ প্রিন্ট কাগজে ০১ পৃষ্ঠায় অফসেট ছাপা (নমুনা মোতাবেক)।	২,০০,০০০ (দুই লক্ষ) কপি		
মোট =					

কথায়ঃ

দরপত্র প্রদানের স্থান ও সময়

০১।	RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়	২৯/০৯/২০১৯খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত
০২।	RFQ জমা দেয়ার স্থান	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।
০৩।	RFQ খোলার তারিখ, সময় ও স্থান	২৯/০৯/২০১৯খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২-৩০ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

শর্তাবলীঃ

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র রাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা যাবে না। রাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের সাথে অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক বিজ্ঞপ্তি সরবরাহের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৪। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পবিস কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক মুদ্রণ মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌছে দিতে হবে। মালামাল মুদ্রণের পূর্বে সমিতির সদস্য সেবা বিভাগের সহিত যোগাযোগ করে নমুনা কপি গ্রহণ করতে হবে এবং উক্ত বিভাগের নির্দেশনা অনুযায়ী কাজ করতে হবে।
- ০৬। কার্যাদেশ অনুযায়ী নমুনা মোতাবেক মুদ্রণ মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল সমিতির বিবরণ/ নমুনা মোতাবেক না হলে সেক্ষেত্রে আপনার নিজ খরচে ও নিজ দায়িত্বে ক্রটিমুক্ত মালামাল সমিতিতে পুনঃ সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় বর্ণিত মালামালের পরিমাণ কম বা বেশী হতে পারে। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



Handwritten signature or mark at the bottom right.

